কালীগঞ্জে ইউপি সদস্যের ছবিতে জুতার মালা এডিট করে ফেসবুকে আপলোড, থানায় জিডি

ঝিনাইদহের কালীগঞ্জে ফেসবুক আইডিতে অন্যের ছবি বিকৃত করে জুতার মালা পরানো এবং অশ্লীল ভাষায় অপপ্রচারের অভিযোগে থানায় সাধারণ ডায়েরি (জিডি) করেছেন এক ইউপি সদস্য।

রোববার (৩০ আগস্ট) কালীগঞ্জ থানায় এ সাধারণ ডায়েরি করেন উপজেলার রাখালগাছি ইউনিয়নের বহিরগাছি মধ্যপাড়া গ্রামের বাসিন্দা ও ওই ইউনিয়নের সদস্য মো: জসিম (৪৭)। জিডি নম্বর-১৫৫৩।

জিডিতে মো: জসিম অভিযোগ করেন, গত ২৯ আগস্ট বিকেল ৫টার দিকে তিনি নিজের ফেসবুক আইডিতে প্রবেশ করে দেখতে পান, গরলধহঁৎ জধযসধ নামে একটি ফেসবুক আইডি থেকে তার ব্যক্তিগত ছবি এডিট করে ছবিতে জুতার মালা পরানো হয়েছে।

এ ছাড়া ওই আইডি থেকে তাকে সামাজিকভাবে হেয়প্রতিপন্ন ও মানহানি করার উদ্দেশ্যে অশ্লীল ভাষায় বিভিন্ন স্ট্যাটাস ও অপপ্রচার চালানো হচ্ছে বলে অভিযোগ করেন তিনি।

জসিমের অভিযোগ, অজ্ঞাত ব্যক্তি তার ফেসবুক আইডিতে প্রবেশ করে তার আপলোড করা ছবি, ভিডিও ও বিভিন্ন স্ট্যাটাসে অশ্লীল ভাষায় মন্তব্য করেছে। বিষয়টি নিয়ে তিনি বিভিন্নভাবে চেষ্টা করেও অপপ্রচারকারীর পরিচয় নিশ্চিত করতে পারেননি।

জিডিতে তিনি আশঙ্কা প্রকাশ করে বলেন, সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহার করে তাকে হয়রানি, মানহানি এবং ভয়ভীতি প্রদর্শনের চেষ্টা করা হতে পারে। ভবিষ্যতে কোনো অপ্রীতিকর পরিস্থিতি এড়াতে বিষয়টি সাধারণ ডায়েরিভুক্ত করার আবেদন করেন তিনি।

এ বিষয়ে কালীগঞ্জ থানার অফিসার ইনচার্জ (ওসি) কবির হোসেন বলেন, এ ঘটনায় একটি সাধারণ ডায়েরি করা হয়েছে। অভিযোগের বিষয়টি যাচাই করে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। জড়িত ব্যক্তিকে শনাক্তেরও চেষ্টা চলছে।

মেহেরপুরে প্রতিবন্ধী নারীকে ধর্ষণ: ইউপি সদস্যের যাবজ্জীবন ও জরিমানা

ধর্ষণের অভিযোগে দায়ের করা মামলায় মেহেরপুরের পিরোজপুর ইউনিয়নের আওয়ামী লীগ নেতা ও ইউপি সদস্য মো. কলিম উদ্দিন ওরফে কালুকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত। রায় শুনে এজলাস থেকে নেমে জ্ঞান হারিয়ে ফেলেন তিনি।

রোববার (২৩ আগস্ট) দুপুরে মেহেরপুর নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক (জেলা ও দায়রা জজ) আলী মাসুদ শেখ এ রায় ঘোষণা করেন। একই সঙ্গে আসামিকে পাঁচ লাখ টাকা অর্থদণ্ড দেওয়া হয়।

দণ্ডপ্রাপ্ত মো. কলিম উদ্দিন ওরফে কালু মেহেরপুর জেলার পিরোজপুর এলাকার মৃত আব্দুল মন্ডলের ছেলে। তিনি স্থানীয় আওয়ামী লীগ নেতা এবং পিরোজপুর ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ডের মেম্বার।

মামলার নথি সূত্রে জানা গেছে, নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ (সংশোধিত-২০০৩)-এর ৯(১) ধারায় দায়ের করা মামলায় আসামির বিরুদ্ধে আনা অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে দোষী সাব্যস্ত করেন আদালত। এরপর তাকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড এবং পাঁচ লাখ টাকা অর্থদণ্ড দেওয়া হয়। জরিমানার অর্থ পরিশোধে ব্যর্থ হলে তাকে আরও এক বছরের সশ্রম কারাদণ্ড ভোগ করতে হবে।

রায়ে বিচারক উল্লেখ করেন, আসামির ওপর আরোপিত অর্থদণ্ড ভুক্তভোগীর ক্ষতিপূরণ হিসেবে গণ্য হবে। আসামির বর্তমান সম্পদ থেকে ওই অর্থ আদায় করা সম্ভব না হলে ভবিষ্যতে তার মালিকানাধীন বা অধিকারভুক্ত সম্পদ থেকে তা আদায় করা যাবে। এ ক্ষেত্রে ক্ষতিপূরণের দাবিটি অন্য যেকোনো দাবির চেয়ে অগ্রাধিকার পাবে।

এ ছাড়া নারী ও শিশু নির্যাতন দমন আইনের ১৬ ধারার বিধান অনুযায়ী আসামির স্থাবর ও অস্থাবর সম্পত্তি নিলামে বিক্রি করে বিক্রয়লব্ধ

অর্থ ট্রাইব্যুনালে জমা দেওয়ার জন্য মেহেরপুরের ডেপুটি কালেক্টরকে নির্দেশ দিয়েছেন আদালত। ওই অর্থ ট্রাইব্যুনালে জমা হওয়ার পর তা মামলার ভুক্তভোগীকে দেওয়ার কথা বলা হয়েছে।

রায়ে আরও বলা হয়, আসামি চাইলে রায়ের তারিখ থেকে ৬০ দিনের মধ্যে উচ্চ আদালতে আপিল করতে পারবেন। বিচারাধীন সময়ে আসামির হাজতবাসের সময় ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮-এর ৩৫এ ধারার বিধান অনুযায়ী সাজা থেকে বাদ দেওয়ার নির্দেশও দেওয়া হয়েছে।

রায় ঘোষণার পর আসামির বিরুদ্ধে সাজা পরোয়ানা জারি করে তাকে মেহেরপুর জেলা কারাগারে পাঠানোর নির্দেশ দেওয়া হয়। তবে রায় ঘোষণার পরপরই তিনি অসুস্থ হয়ে পড়েন। একপর্যায়ে জ্ঞান হারিয়ে ফেললে প্রাথমিক চিকিৎসার জন্য তাকে মেহেরপুর ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে নেওয়া হয়।

আদালত সূত্র আরও জানায়, রায়ের অনুলিপি প্রয়োজনীয় কার্যার্থে মেহেরপুরের চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট ও জেলা ম্যাজিস্ট্রেটের কাছে পাঠানো হয়েছে। জব্দকৃত আলামত বিধি অনুযায়ী নিষ্পত্তির জন্য রায়ের অনুলিপি মেহেরপুরের কোর্ট ইন্সপেক্টরের কাছেও পাঠানোর নির্দেশ দেওয়া হয়েছে।

রাষ্ট্রপক্ষের আইনজীবী এবং নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের পাবলিক প্রসিকিউটর মোস্তাফিজুর রহমান তুহিন বলেন, দীর্ঘ বিচারিক প্রক্রিয়া এবং সাক্ষ্য-প্রমাণের ভিত্তিতে অভিযুক্ত পিরোজপুর ইউনিয়ন আওয়ামী লীগ নেতা কালুর অপরাধ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় আদালত তাকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন। এই রায়ে রাষ্ট্রপক্ষ সন্তুষ্ট।

দামুড়হুদার হাউলী ইউনিয়নের ইউপি সদস্য আব্দুল হান্নান আর

নেই

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের ইউপি সদস্য ও হাউলী ইউনিয়ন কৃষকদলের সভাপতি আব্দুল হান্নান (হান্নান) ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৮ বছর। তাঁর মৃত্যুতে বিভিন্ন মহল শোক প্রকাশ করেছে।

পারিবারিক ও স্থানীয় সূত্রে জানা গেছে, তিনি হাউলী ইউনিয়নের পুরাতন বাস্তপুর গ্রামের আক্কাচ গোয়ালার ছেলে। দীর্ঘদিন ধরে অসুস্থ থাকায় তাঁকে ঢাকার নিউরোসায়েন্স হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় গতকাল মঙ্গলবার দুপুর আনুমানিক ২টার দিকে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

মরহুম আব্দুল হান্নান হাউলী ইউনিয়ন পরিষদের ৮ নম্বর ওয়ার্ডের নির্বাচিত সদস্য হিসেবে দায়িত্ব পালন করছিলেন। পাশাপাশি তিনি হাউলী ইউনিয়ন কৃষকদলের সভাপতির দায়িত্বেও ছিলেন। তাঁর মৃত্যুতে এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। রাজনৈতিক, সামাজিক এবং বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন।

মৃত্যুকালে তিনি স্ত্রী, এক ছেলে, এক মেয়ে, আত্মীয়-স্বজন ও অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। পারিবারিক সূত্রে জানা গেছে, আজ বুধবার সকাল ৯টায় নিজ গ্রাম পুরাতন বাস্তপুর কবরস্থানে তাঁর নামাজে জানাজা অনুষ্ঠিত হবে। জানাজা শেষে সেখানেই তাঁর দাফন সম্পন্ন করা হবে।

আল্লাহ তাআলা মরহুমকে জান্নাতুল ফেরদাউস নসিব করুন এবং শোকসন্তপ্ত পরিবারকে এ শোক সইবার তৌফিক দান করুন।

মেহেরপুরে অস্ত্র, গুলি ও সরকারি মালামালসহ ইউপি সদস্য গ্রেফতার

মেহেরপুরের গাংনীতে অভিযান চালিয়ে একটি নাইন স্যুটারগান, দেশীয় তৈরী ধারালো অস্ত্র, গুলি, কৃষকদের জন্য প্রণোদনার বীজ, সার কীটনাশক ও কম্বলসহ আলোচিত ইউপি সদস্য আজমাইন হোসেন টুটুলকে গ্রেফতার করেছে যৌথবাহিনী।

গ্রেফতারকৃত আজমাইন হোসেন টুটুল গাংনী উপজেলার কাথুলি ইউনিয়ন পরিষদের ৭ নং ওয়ার্ডের দুইবারের নির্বাচিত সদস্য (মেম্বর) ও লক্ষিনারায়ানপুর ধলা গ্রামের আক্কাছ আলীর ছেলে।

গোপন সংবাদের ভিত্তিতে সেনাবাহিনী, র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব—১২) ও গাংনী থানা পুলিশের সমন্বয়ে গঠিত যৌথ বাহিনী একটি টিম গতকাল শনিবার দিবাগত রাত ৯ টা থেকে শুরু করে রাতভর অভিযান চালান।

এসময় তার বাড়ি থেকে একটি নাইন স্যুটারগান, ২ রাউন্ড গুলি, দেশীয় তৈরী ৪টি ধারালো অস্ত্র হাসুয়া, কৃষি অধিদপ্তরের আওতায় দরিদ্র ও প্রান্তিক কৃষকদের জন্য সরকারিভাবে বরাদ্দকৃত ৪৫ প্যাকেট সরিষা বীজ, ৯ প্যাকেট মাস কলাই বীজ, ১৫ বস্তা টিএসপি, ডিএপি ও পটাশ সার, ত্রাণের ২০ টি কম্বল, মহিলা বিষয়ক অধিদপ্তরের বরাদ্দকৃত হতদরিদ্র নারীদের ২টি সেলাই মেশিন, পুষ্টি কর্মসূচির আওতায় শিশুদের জন্য বরাদ্দকৃত ২০ কেজি চাউল ও ২ টি চাউল রাখার ড্রাম জব্দ করা হয়েছে।

অভিযানে ২৭ রেজিমেন্ট আর্টিলারীর মেহেরপুর সেনাবাহিনী ক্যাম্পের ক্যাপ্টেন রওশন, র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব—১২) ক্রাইম প্রিভেনশন সেন্টার—৩ মেহেরপুর ক্যাম্পের কমান্ডার সিনিয়র এএসপি আশরাফ উদ্দীন ও গাংনী থানার উপপরিদর্শক (এসআই) কামরুজ্জামানসহ যৌথবাহিনীর সদস্যরা অংশ নেন।

র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব—১২) ক্রাইম প্রিভেনশন সেন্টার—৩ মেহেরপুর ক্যাম্পের কমান্ডার সিনিয়র এএসপি আশরাফ উদ্দীন অভিযান শেষে সাংবাদিকদের প্রেস ব্রীফ করেন। তিনি জানান,

ঝিনাইদহে ইউপি সদস্যকে পিটিয়ে ও কুপিয়ে যখম

ঝিনাইদহ সদর উপজেলার ৮নং পাগলা কানাই ইউনিয়নের ১নং ওয়ার্ডের ইউপি সদস্য মোঃ আব্দুল ওয়াদুদ কে পিটিয়ে ও কুপিয়ে জখম করেছে দুর্বৃত্তরা।

গতকাল সোমবার (১১ নভেম্বর) সকাল সাড়ে ১০টার দিকে ইউনিয়নের ঝিনুক মালা আবাসন প্রকল্পের নিকটে এই ঘটনা ঘটে।

হাসপাতালে চিকিৎসাধীন আহত ওয়াদুদ মেম্বর বলেন, সকালে ইউনিয়ন পরিষদে মিটিং এর উদ্দ্যেশে বাড়ি থেকে যাওয়ার পথে ঝিনুকমালা আবাসন প্রকল্পের কাছে পৌছালে জিহাদ. রিপন, হাসান, জাকিরসহ একদল সন্ত্রাসী তার মোটরসাইকেল থামিয়ে কাঠের চলা, রড, হাতুড়ি দাঁ দিয়ে পিটাতে ও কোপাতে থাকে এসময় আমার চিৎকারে লোকজন ছুটে এলে তারা আমাকে উদ্ধার করে সদর হাসাপাতালে ভর্তির উদ্দেশ্যে পাঠিয়ে দেয়। পরে সন্ত্রাসীরা আবার আমার গাড়ি রোধ করে আমার উপর হামলার করে মারধর করতে থকে এবং দুই ভেঙ্গে জখম করে দেয়। জনগন ছুটে এলে তারা পালিয়ে যায় পরে আমাকে নিয়ে হাসপাতালে ভর্তি করে।

তিনি আরও বলেন এরা সবাই আমার পরিচিত এবং সন্ত্রাসী বাহিনির সদস্য। আব্দুল ওয়াদুদ মেম্বর ইউনিয়নের ১নং ওয়ার্ডের চরখাজুরা গ্রামের মৃত শাহাদত মেম্বারের ছেলে।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন ঘটনার সত্যতা স্বীকার করে বলেন মামলার প্রক্রিয়া চলছে, আসামীদের বেরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

মুজিবনগরে অস্ত্রসহ সাবেক ইউপি

সদস্য আটক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার শিবপুর গ্রামে অভিযান চালিয়ে ভারতীয় তৈরি একটি ওয়ান শুটার গানসহ সাবেক ইউপি সদস্য মিজানুর রহমান মিজারকে আটক করেছে যৌথবাহিনী।

শুক্রবার বিকাল সাড়ে পাঁচ থেকে শুরু করে তিন ঘন্টা ব্যাপী মিজার বাড়িতে এ অভিযান পরিচালনা করে যৌথবাহিনী। আটককৃত মিজানুর রহমান মিজার উপজেলার মোনাখালী ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ডের সাবেক সদস্য। তিনি একই গ্রামের মৃত ফজলুল হকের ছেলে।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মিজানুর রহমান জানান, মিজানুর রহমান মিজারের বাড়িতে অস্ত্র আছে এমন গোপন সংবাদের ভিত্তিতে শুক্রবার বিকালে যৌথ বাহিনীর একটি টিম অভিযান পরিচালনা করে তাকে আটক করে। পরে তাকে জিগাসাবাদের একপর্যায়ে তার বাড়িতে অস্ত্র আছে বলে সে নিজের মুখে স্বীকারক্তি দেয় । তার স্বীকারোক্তির ভিত্তিতে বাড়ির ঘরের পূর্বপাশে একটি গোয়াল ঘরের পাশে গর্ত খুড়ে মাটির নিচে থেকে অস্ত্রটি উদ্ধার করা হয়।

ওসি আরও জানান, এ বিষয়ে মিজারের নামে অস্ত্র আইনে মামলা দিয়ে আদালতে প্রেরণ করা হবে।

গাংনী কাথুলি ইউনিয়নের ইউপি সদস্য আনারুল ইসলাম মারা গেছেন

মেহেরপুরের গাংনী উপজেলার ১ নং কাথুলি ইউনিয়নের ৪ নং ওয়ার্ডের একাধিকবার নির্বাচিত সদস্য (মেম্বর) ও স্থানীয় আওয়ামীলীগের নেতা আনারুল ইসলাম (৫৪) স্ট্রোকজনিত কারণে মারা গেছেন। ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন।

আজ রবিবার (১৬ জুন) ভোররাত ৩ টার দিকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি।

কাথুলি ইউনিয়নের চেয়ারম্যান মিজানুর রহমান রানা এই তথ্য নিশ্চিত করেছেন। আজ সকাল ১০ টার সময় রামকৃষ্ণপুর ধলা সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে নামাজে জানাযা শেষে ধলা কবরস্থানে দাফন সম্পন্ন করা হয়েছে।

আনারুল ইসলামের বড় ছেলে রাজু আহম্মেদ জানান, মঙ্গলবার দিবাগত মধ্যরাতে বাবার বুকে ব্যাথা অনুভব হলে তাকে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নেয়া হয়। সেখানে তার অবস্থার অবনতি হলে কর্তব্যরত চিকিৎসক রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন। রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় গেলো রাত ৩ টার দিকে মারা যান তিনি।

তিনি বলেন, চিকিৎসকরা জানিয়েছেন, বাবার হার্টের সমস্যার কারণেই স্ট্রোক করেছেন।

ইউপি মেম্বর আনারুল ইসলামের স্ত্রী, ৩ ছেলে, ১ মেয়ে, আত্বীয় স্বজন, সহকর্মী বন্ধু বান্ধব রয়েছেন।

এদিকে এলাকার জনপ্রিয় মেম্বর আনারুল ইসলামের মৃত্যুতে শোক জানিয়েছেন মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য ডাক্তার এএসএম নাজমুল হক সাগর, গাংনী উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও সাবেক এমপি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এমএ খালেক, কাথুলি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা, দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর গাংনী এলাকা সমন্বয়কারি হেলাল উদ্দীন।

মুজিবনগরে মোনাখালী ইউপি সদস্যের মৃত্যু

মুজিবনগর উপজেলার ২নং মোনাখালী ইউনিয়ন পরিষদের ২ নম্বর ওয়ার্ড ইউপি সদস্য মো: আলাউদ্দীন (৩৬) ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

আজ শনিবার রাত ১০ টা ১৫ মিনিটের সময় মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। মো: আলাউদ্দীন মোনাখালী পূর্বপাড়ার মৃত মজিত মন্ডলের ছেলে।

পারিবারিক সূত্রে জানা গেছে, ইউপি সদস্য মো: আলাউদ্দীন হৃদরোগে আক্রান্ত হলে আজ রাত ৮ টা ৩০ মিনিটের সময় মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। সেখানেই চিকিৎসাধীন অবস্থায় রাতে মারা যান তিনি।

মৃত্যুকালে মো: আলাউদ্দীন স্ত্রী, ২ ছেলে সহ অসংখ্য গুনাগ্রহেী রেখে গেলেন।

মো: আলাউদ্দীনের জানাজার নামাজ আগামীকাল সকাল ৮ টার সময় মোনাখালী মধ্যপাড়া ঈদগাহ ময়দানে অনুষ্ঠিত হবে।

আলমডাঙ্গায় মাটি কাটার অপরাধে ইউপি সদস্যকে জরিমানা

আলমডাঙ্গায় অবৈধভাবে পুকুর খননের নামে মাটি কেটে ইটভাটায় বিক্রয়ের অভিযোগে ইউপি সদস্যকে ১৫ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

আজ সোমবার দুপুরে উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাস এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

স্থানীয় সূত্রে জানাগেছে, উপজেলার কুমারী ইউনিয়ন পরিষদের ৮ নম্বর ওয়ার্ডের সদস্য শরিফুল ইসলাম। দীর্ঘদিন যাবৎ কুমারী গ্রাম এলাকা থেকে পুকুর খননের নামে মাটি কেটে ইটভাটায় বিক্রি করছে। ইটভাটায় মাটি পরিবহনের জন্য ব্যবহার করা হচ্ছে ট্রাক্টর। এতে ট্রাক্টরে পরিবহনে সড়কে কাঁদামাটি পড়ে জনসাধারণ দুর্ভোগ পোহাতে হচ্ছে।

এমন অভিযোগের ভিত্তিতে উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাস ঘটনাস্থলে উপস্থিত হয়ে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন। এসময় মাটি ব্যবস্থাপনা আইনে কুমারী ইউপি সদস্য শরিফুল ইসলামকে ১৫

মেহেরপুরে বিচার করতে এসে মহিলার কামড় খেলেন ইউপি সদস্য

বুড়িপোতা ইউনিয়নের যাদবপুর গ্রামের ইউপি সদস্য আলমগীর হোসেন লাল্টুর হাতে কামড় দিয়ে মাংস তুলে নিলেন তার ওয়ার্ডের ভোটার সকিনা খাতুন। আহত ইউপি সদস্য আলমগীর হোসেনকে মেহেরপুর-২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসা দেওয়া হয়েছে।

ঘটনাটি ঘটেছে মেহেরপুর সদর উপজেলার যাদবপুর গ্রামে গতকাল শনিবার বিকালের দিকে।

প্রত্যক্ষদর্শিরা জানান, যাদবপুর গ্রামের দুলাল অবৈধভাবে রাস্তার উপর বাঁধ দিয়ে জলবদ্ধতা সৃষ্টি করে। এতে স্থানীয়রা এর প্রতিবাদ জানান। ইউপি সদস্য আলমগীর হোসেন লাল্টুকে স্থানীয়রা খবর দিলে লাল্টু সেখানে গিয়ে রাস্তার উপর বাঁধ সৃষ্টি করার প্রতিবাদ করে। এতে ক্ষিপ্ত হয়ে দুলালের স্ত্রী সকিনা খাতুন ইউপি সদস্য আলমগীর হোসেনের হাত কামড়ে মাংস তুলে নেন। পরে আলমগীর হোসেনের চিৎকারে প্রত্যক্ষদর্শিরা ছুটে এসে তাকে উদ্ধার করে। এঘটনার পর পরই উত্তেজিত জনতা সেই বাঁধ ভেঙ্গে গুড়িয়ে দেন।